

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৭৬৫

শান্তিরবাজার, ০২ ফেব্রুয়ারি, ২০২৪

বাইখোড়া বাজারে বহুমুখী প্রশিক্ষণ কেন্দ্রের শিলান্যাস

সমাজের সব অংশের মানুষের কল্যাণে সরকার কাজ করছে : সমবায়মন্ত্রী

সমাজের সব অংশের মানুষের কল্যাণে সরকার কাজ করছে। প্রান্তিক জনপদের অন্তিম মানুষের কাছে সরকারি প্রকল্প ও পরিষেবার সুযোগ পৌঁছে দেওয়া হচ্ছে। আজ সমবায়মন্ত্রী শুক্লাচরণ নোয়াতিয়া শান্তিরবাজার মহকুমার বাইখোড়া বাজারে একটি বহুমুখী প্রশিক্ষণ কেন্দ্রের শিলান্যাস করে একথা বলেন। সমবায়মন্ত্রী এদিন কলসী বাজারে একটি দ্বিতল মার্কেট শেডেরও শিলান্যাস করেন। অনুষ্ঠানগুলিতে বক্তব্য রাখতে গিয়ে সমবায় মন্ত্রী বলেন, সরকার এক ত্রিপুরা শ্রেষ্ঠ ত্রিপুরা গড়ে তোলার প্রয়াস নিয়েছে। উল্লেখ্য, বাইখোড়া বাজারে বহুমুখী প্রশিক্ষণ কেন্দ্র নির্মাণে ২ কোটি ৮৫ লক্ষ টাকা এবং কলসী বাজারে মার্কেট শেড নির্মাণে ৪ কোটি ৯৪ লক্ষ টাকা ব্যয় হবে। অনুষ্ঠানগুলিতে উপস্থিত ছিলেন বিধায়ক প্রমোদ রিয়াং, জেলাইবাড়ি বিএসি'র চেয়ারম্যান অশোক মগ, জেলাইবাড়ি পঞ্চায়েত সমিতির ভাইস চেয়ারম্যান তাপস দত্ত, বিডিও মানস ভট্টাচার্য প্রমুখ।
